

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
নরডিক-১ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৯ জুন ২০১৬ তারিখ বেলা ১.০০ ঘটিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং ডেনমার্ক সরকারের মধ্যে “Framework Agreement between the Government of the Kingdom of Denmark and the Government of People’s Republic of Bangladesh regarding Bangladesh Country Programme (2016-2021)”—শীর্ষক একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। সম্প্রতি ডেনমার্ক সরকার কর্তৃক গত ৮/৪/২০১৬ তারিখে Bangladesh Country Programme (2016-2021) অনুমোদিত হয়েছে। উল্লেখ্য, Bangladesh Country Programme বিষয়ে ডেনমার্কের মাননীয় বাণিজ্য ও উন্নয়ন সহযোগিতা মন্ত্রী গত মার্চ, ২০১৫ ঢাকা সফরকালে বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীকে অবহিত করেছেন।

০২। ডেনমার্ক কর্তৃক Bangladesh Country Programme (BCP) প্রস্তুতকালে বাংলাদেশ সরকারের Vision 2021, ৭ম পঞ্চমবার্ষিকী পরিকল্পনাকে বিবেচনায় নিয়েছেন এবং তা SDG 2030-এর Goal 1, goal 2, goal 5, goal 7 এবং goal 13 অর্জনে সহায়তা করবে বলে ডেনমার্ক সরকার আশা করছে।

আলোচ্য Agreement-এ নিয়ন্ত্রিত ৩টি Thematic Programme-এর অধীনে ১২টি Development engagement/প্রকল্প গ্রহণ করা হবেঃ

- Agricultural Growth and Employment
- Climate Change and Sustainable Energy
- Governance and Rights.

বিভিন্ন মন্ত্রণালয়, ইউএন ও এনজিও-এর মাধ্যমে ১২টি Development Engagement বাস্তবায়িত হবে। তন্মধ্যে কয়েকটি চলমান প্রকল্পও আছে। Framework Agreement স্বাক্ষরের পর ডেনমার্ক দুতাবাস, ঢাকা বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নের বিষয়ে পৃথক পৃথক চুক্তি স্বাক্ষর করবে।

০৩। বর্ণিত চুক্তিতে মোট আর্থিক সংশ্লেষ DKK ৬১৫.০০ মিলিয়ন (৯৪.০৪ মিলিয়ন মার্কিন ডলার) অর্থাৎ BDT ৭২২.২৯ কোটি। তন্মধ্যে ডেনমার্ক সরকারের অনুদান সহায়তার পরিমাণ DKK ৩৩৫.০০ মিলিয়ন (৫১.২২ মিলিয়ন মার্কিন ডলার) অর্থাৎ BDT ৩৯৩.৮৮ কোটি। অবশিষ্ট DKK ২৮০.০০ মিলিয়ন (৪২.৮১ মিলিয়ন মার্কিন ডলার) অর্থাৎ BDT ৩২৮.৮৫ কোটি বাংলাদেশ সরকার প্রদান করবে। BCP বাস্তবায়নে ডেনমার্ক সরকারের অনুদানের ৫০% অর্থ সরকারি খাতসমূহে ব্যয় করা হবে।

০৪। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং ডেনমার্ক সরকারের পক্ষে ডেনমার্কের ঢাকাস্থ মান্যবর রাষ্ট্রদূত Ms. Hanne Fugl Eskjær চুক্তিটি স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডেনমার্ক দুতাবাস, ঢাকা ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিভিন্ন মন্ত্রণালয় ও প্রকল্প বিভাগের স্বাক্ষর করা হচ্ছে।
০৫/৬/২০১৬
মোহাম্মদ মেজবাহউদ্দিন
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার